


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং: ৪২.০০.০০০০.০৪১.১৪.০০৮.১২ (অংশ-১)-৩১৬

তারিখ: ১৮ আশ্বিন, ১৪২৪
০৩ অক্টোবর, ২০১৭

বিষয় : গত ১২-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত ০৭(সাত) টি কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পের উপর বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ১২-০৯-২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল ইসলাম মাহমুদ-এঁর সভাপতিত্বে ০৭(সাত) টি কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পের উপর বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত বিশেষ সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।


(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
সিনিয়র সহকারী প্রধান
☎ ৯৫৭৭২৩৪
(aumrasel@yahoo.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৬। প্রধান (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৭। প্রধান প্রকৌশলী (নকশা), ৭২ গ্রীন রোড, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৫৪, মতিঝিল বা/এ, (এলিট হাউজ), ঢাকা-১০০০।
- ৯। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী।
- ১০। প্রধান প্রকৌশলী, ডেজার পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নারায়ণগঞ্জ।
- ১১। প্রকল্প পরিচালক, বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশী-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (১ম সংশোধিত) প্রকল্প, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৫৪, মতিঝিল বা/এ, (এলিট হাউজ), ঢাকা-১০০০।
- ১২। প্রকল্প পরিচালক, কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা (২য় সংশোধিত) প্রকল্প, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ।
- ১৩। প্রকল্প পরিচালক, পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত) প্রকল্প, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
- ১৪। প্রকল্প পরিচালক, Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) প্রকল্প, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাড়ি নং-১৫, রোড নং-২৪, গুলশান-২, ঢাকা-১২১২।
- ১৫। প্রকল্প পরিচালক, ব্লু-গোল্ড প্রোগ্রাম (বাপাউবো কম্পোনেন্ট) প্রকল্প, পরিকল্পনা পরিদপ্তর-০৩, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, হাসান কোর্ট (৮ম ও ৯ম তলা), ২৩/১, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্প, প্রকল্প পরিচালকের দপ্তর, প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
- ১৭। প্রকল্প পরিচালক, বাংলাদেশ নদী ডেজিং এর জন্য ডেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংরক্ষণ ও সেবা সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নারায়ণগঞ্জ।
- ১৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট।
- ১৯। নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) বাড়ী নং ৪৯৬, রোড-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

- ২০। নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়রমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস (সিইজিআইএস) পানি সম্পদ মন্ত্রণালয়ের পাবলিক ট্রাস্ট, বাড়ী নং-৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২।
- ২১। জনাব মীর মোস্তফা কামাল, পরিচালক, নদী প্রকৌশল বিভাগ, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) বাড়ী নং ৪৯৬, রোড-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ২২। জনাব মোঃ সোহেল মাসুদ, পরিচালক, বন্যা ব্যবস্থাপনা বিভাগ, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) বাড়ী নং ৪৯৬, রোড-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ২৩। জনাব মোঃ আমিরুল ইসলাম, পরিচালক, জরিপ ও উপাত্ত বিভাগ, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) বাড়ী নং ৪৯৬, রোড-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ২৪। জনাব রুবায়েত আলম, প্রধান বিশেষজ্ঞ, কোষ্ট, পোর্ট এবং ইস্টুয়ারি বিভাগ, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) বাড়ী নং ৪৯৬, রোড-৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ২৫। নির্বাহী প্রকৌশলী, টাঙ্গাইল পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল।
- ২৬। নির্বাহী প্রকৌশলী, বেড়া পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বেড়া।
- ২৭। নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ।
- ২৮। নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৫৪, মতিঝিল বা/এ, (এলিট হাউজ), ঢাকা-১০০০।
- ২৯। সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।

অনুলিপি:

- ১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপ্রধান-১/২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রধান ১/২/৪, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্ম প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট নথি/মাস্টার নথি।

১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ৭টি কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পের উপর বিশেষ সভার কার্যবিবরণী।

পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ১২/০৯/২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৪০৬, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ৭টি কম অগ্রগতিসম্পন্ন প্রকল্পের উপর একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সন্নিবেশিত হলো।

০২। আলোচনা:

২.১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান ধারাবাহিকভাবে মন্ত্রণালয়ের মতামতসমূহ তুলে ধরেন। উক্ত মতামতের উপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ ধারাবাহিকভাবে নিম্নে তুলে ধরা হলো:

(ক) প্রকল্পের নাম: বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্প (১ম সংশোধিত)

আলোচনা:

'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ০৬/০৪/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২৭/০৬/২০১৬ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের মোট ব্যয় ১১২৫.৫৯ কোটি টাকা এবং মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০২০ পর্যন্ত। আলোচ্য প্রকল্পটি শুরুর ৭ বছর অতিক্রান্ত হলেও প্রকল্পের ক্রমপূর্ণিত বাস্তব ও আর্থিক অগ্রগতি যথাক্রমে মাত্র ২৭.৫০% এবং ২৬.৫০%। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপূর্ণিত আর্থিক অগ্রগতি ২৯৫.০৭ কোটি টাকা।

প্রকল্পের কর্মপরিকল্পনা সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, নিউ ধলেশ্বরী নদীর অফটেক থেকে পুংলি নদীর উজানের আনুমানিক ২০.০০ কিমি এর মধ্যে পলি ভরাটপ্রাপ্ত ১৪.৫০ কিমি অংশের রক্ষণাবেক্ষণ ড্রেজিং কাজ জরুরি ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি আরও বলেন, নিউ ধলেশ্বরী উৎসমুখে গাইড বাঁধ নির্মাণ একটি বৃহৎ পরিসরের কাজ এবং এর বাস্তবায়নে দীর্ঘ সময়ের প্রয়োজন। সুতরাং প্রকল্প মেয়াদের মধ্যে উক্ত দফার কাজ শেষ করতে হলে চলতি অর্থবছরে এর কাজ শুরু করা প্রয়োজন। এ ছাড়া, বাপাউবো-র ২৬ ইঞ্চি ডায়ামিটার সম্পন্ন দুইটি ড্রেজারের মাধ্যমে সেডিমেন্ট বেসিন নির্মাণ কাজ অবিলম্বে শুরু করতে হবে। এমতাবস্থায় সেডিমেন্ট বেসিনের প্রতিরক্ষা কাজ শুরু করা আবশ্যিক। ৬৮.৮৫ কিমি নদী ড্রেজিং -এর কাজ (ড্রেজার দ্বারা) চলতি বৎসর থেকে শুরু করার অনুমতি প্রয়োজন মর্মে তিনি জানান। পাশাপাশি ডিপিপি-র সংস্থান অনুযায়ী প্রকল্পের আওতায় নির্ধারিত ১৯টি ব্রিজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজও চলতি অর্থবছরে বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সভাপতি অনুমোদিত নকশার আলোকে সেডিমেন্ট বেসিন নির্মাণ কাজ, ৬৮.৮৫ কিমি ক্যাপিটাল ড্রেজিং কাজ, গাইড বাঁধ নির্মাণ কাজ এবং ১৪.৫০কিমি রক্ষণাবেক্ষণ ড্রেজিং কাজের দরপত্র আহ্বানপূর্বক কাজ শুরু করার নির্দেশ প্রদান করেন। এ ছাড়া, তিনি সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে যোগাযোগপূর্বক ১৯টি ব্রিজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট -এর জন্য অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ করতে হবে।

সিদ্ধান্ত:

ক. অনুমোদিত নকশার আলোকে সেডিমেন্ট বেসিনের প্রতিরক্ষা কাজ শুরু করার লক্ষ্যে অবিলম্বে দরপত্র আহ্বান করতে হবে।

খ. ৬৮.৮৫কিমি ক্যাপিটাল ড্রেজিং কাজ শুরু করার লক্ষ্যে অবিলম্বে দরপত্র আহ্বান করতে হবে।

গ. ১৪.৫০কিমি রক্ষণাবেক্ষণ ড্রেজিং কাজ শুরু করার লক্ষ্যে অবিলম্বে দরপত্র আহ্বান করতে হবে।

ঘ. ১৯টি ব্রিজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট শুরুর লক্ষ্যে অন্যান্য সংস্থার সাথে দ্রুত যোগাযোগ করাসহ জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) প্রকল্পের নাম: কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা প্রকল্প (২য় সংশোধিত)

আলোচনা:

'কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ০৫/০৪/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২০/১০/২০১৫ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের মোট ব্যয় ৪২৪.৭৩০৭ কোটি টাকা এবং মেয়াদ এপ্রিল, ২০১১ হতে জুন, ২০১৯ পর্যন্ত। আলোচ্য প্রকল্পটি শুরুর ৬ বছর অতিক্রান্ত হলেও প্রকল্পের ক্রমপূর্ণিত বাস্তব ও আর্থিক অগ্রগতি মাত্র ২৮.০০%। ২০-০৮-২০১৭ পর্যন্ত প্রকল্পের ক্রমপূর্ণিত আর্থিক অগ্রগতি ১১৪.৯২ কোটি টাকা।

প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি গত ৩০-০৫-২০১৭ তারিখে পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে প্রকল্পের কাজ চলমান রয়েছে তবে তিনি জানান যে, ৪টি ড্রেজিং প্যাকেজের কাজ ড্রেজার পরিদপ্তরের

মাধ্যমে সম্পন্ন হওয়ার কথা। কিন্তু উক্ত স্থানে ২টি ২০' ডেজার থাকায় ২টি প্যাকেজের কাজ তাদের দিয়ে করা সম্ভব বলে ডেজার পরিদপ্তর জানান। সেক্ষেত্রে বাকি ২টি প্যাকেজের দরপত্র আহ্বান করা প্রয়োজন।

সিদ্ধান্ত:

ক) নির্ধারিত সময়ে (জুন/২০১৯) এর মধ্যে প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে।

খ) পাউবোর ডেজার এর পরিবর্তে ২টি ড্রেজিং প্যাকেজের কাজ দ্রুত দরপত্র আহ্বান করতে হবে।

(গ) প্রকল্পের নাম: পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ প্রকল্প (৩য় সংশোধিত)

আলোচনা:

'পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি গত ২৬/০১/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ব্যয় ৩৯৪.২০ কোটি টাকা এবং মেয়াদ জানুয়ারি, ২০১০ হতে জুন, ২০১৭ পর্যন্ত। প্রকল্পটির ২০-০৮-২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৭৯.৫৪ কোটি টাকা। প্রকল্পের জুন, ২০১৭ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি ৫৩.৫৪%।

প্রকল্পের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের পাম্প হাউজ নির্মাণের ৭০% অগ্রগতি সাধিত হয়েছে। যার প্রকল্পের ১৮৬ হেক্টর ভূমির মধ্যে ৪৯ হেক্টর ভূমির অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। বাকি ভূমির মধ্যে ১৩৬ হেক্টর অধিগ্রহণের প্রস্তাব ভূমি মন্ত্রণালয়ে এবং ১৬ হেক্টর অধিগ্রহণের প্রস্তাব ডিসি অফিসে প্রক্রিয়াধীন। ৭কিমি intake channel নির্মাণের কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, গত ০৭-০৮-২০১৭ তারিখে প্রকল্পের ৩য় সংশোধিত ডিপিপি-র উপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি পিইসি সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত:

ক) পিইসি সভার সিদ্ধান্তের আলোকে 'পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

খ) দ্রুত জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে হবে।

(ঘ) প্রকল্পের নাম: Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Sathkira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District

আলোচনা:

Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Sathkira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District' শীর্ষক প্রকল্পটি গত ০১/১০/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের মোট ব্যয় ৩২৮০.০০ কোটি টাকা এবং মেয়াদ জুলাই, ২০১৩ হতে জুন, ২০২০ পর্যন্ত। আলোচ্য প্রকল্পটি শুরুর ৪ বছর অতিক্রান্ত হলেও অদ্যাবধি প্রকল্পের ক্রমপুঞ্জিত বাস্তব ও আর্থিক অগ্রগতি মাত্র ১২.১৫%।

প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের ১নং প্যাকেজের আওতায় ৪টি পোল্ডার এবং ২নং প্যাকেজের আওতায় ৬টি পোল্ডার পুনর্বাসনের কাজ চলমান রয়েছে। এ সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্পের আওতায় ২৭৫.৮৮ হেক্টর ভূমি অধিগ্রহণ প্রয়োজন যার জন্য ৩১৬ কোটি টাকা প্রয়োজন হবে। তবে ডিপিপিতে এ খাতে মাত্র ৮৮.৫২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ডিপিপিতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ১নং প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য যে ভূমি প্রয়োজন তা অধিগ্রহণ করা সম্ভব হবে; অবশিষ্ট অর্থ দ্বারা ২নং প্যাকেজের ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা যাবে না। সেক্ষেত্রে ডিপিপি সংশোধন/আন্তঃখাত সমন্বয় করতে হবে। সভাপতি প্রকল্পের ডিপিপি সংশোধন/ আন্তঃখাত সমন্বয় এর উদ্যোগ গ্রহণের নির্দেশ প্রদান করেন এবং ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি টাকা সম্পূর্ণরূপে ব্যয় করার নির্দেশ দেন।

সিদ্ধান্ত:

ক) Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Sathkira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District' শীর্ষক প্রকল্পের ডিপিপি সংশোধন/ আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

ক) Coastal Embankment Improvement Project Phase-1 (CEIP-1) in Sathkira, Khulna, Bagerhat, Pirojpur, Barguna & Patuakhali District' শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণরূপে ব্যয় করতে হবে।

(ঙ) প্রকল্পের নাম: ব্লু-গোল্ড প্রোগ্রাম

আলোচনা:

উপকূলীয় ৫টি জেলায় বাঁধ পুনরাকৃতিকরণ/খাল পুনঃখনন ও বিভিন্ন হাইড্রলিক স্ট্রাকচার নির্মাণের উদ্দেশ্যে 'ব্লু-গোল্ড প্রোগ্রাম' শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটি গত ৩০/০৭/২০১৩ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির

ব্যয় ৫৬৩.৪৯ কোটি টাকা এবং মেয়াদ জানুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৮ পর্যন্ত। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় হয়েছে ২২.০৩ কোটি টাকা। অর্থাৎ জুন, ২০১৭ পর্যন্ত অগ্রগতি মাত্র ৪১.৫০%।

প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত:

ক. প্রস্তাবিত সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উদ্যোগ নিতে হবে।

(ছ) প্রকল্পের নাম: হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

আলোচনা:

হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে এই প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৮৪.৯৪ কোটি টাকা এবং মেয়াদ জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ৩ বছর (জুন, ২০২০ পর্যন্ত) বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৪৯.৬৯ কোটি টাকা। প্রকল্পটি দীর্ঘ ৬ বছর ধরে চলছে। অথচ বাস্তবায়নের হার মাত্র ২৬.২২%। প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত ধীরগতির কারণে বর্তমানে প্রকল্পটি একটি sick প্রকল্পে পরিণত হয়েছে।

প্রকল্প পরিচালক জানান, হাওর এলাকায় মার্চ/এপ্রিল মাসে ডুবন্ত বাঁধ উপচিয়ে পানি প্রবেশ করায় বাঁধ বেশ ক্ষতিগ্রস্ত হয় বিধায় হাওরের বাঁধ মেরামত কাজ ক্যারিড ওভার হিসেবে করা উচিত নয়। এই প্রকল্পের গত অর্থ বছরে বেশ কিছু কাজ ক্যারিড ওভার হয়েছে এবং কাজ সমাপ্ত না হওয়ার কারণে কোনো কাজের বিল চূড়ান্তকরণ করা যায়নি। ২০১৫-১৬ অর্থ বছরের ক্যারিড ওভার ও ২০১৬-১৭ অর্থ বছরের সম্পাদিত কাজের পরিমাপ চলতি বছরের কাজ শুরুর পূর্বেই চূড়ান্ত করতে হবে। এই সমস্যা হতে উত্তরণের জন্য তিনি একটি দিক নির্দেশনা চান। সভাপতি আলোচ্য প্রকল্পের আওতায় ২০১৫-১৬ অর্থ বছরে সম্পাদিত ক্যারিড ওভার ও ২০১৬-১৭ অর্থ বছরের মোট ১৬০টি প্যাকেজের কাজের বিল চূড়ান্তকরণের জন্য পানি উন্নয়ন বোর্ড হতে ২ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠনের নির্দেশ প্রদান করেন।

সভাপতি চলতি অর্থবছরে বাঁধ মেরামত কাজ কিভাবে করা হবে সে ব্যাপারে প্রকল্প পরিচালককে কর্মপরিকল্পনা উপস্থাপনের আহ্বান জানান। প্রকল্প পরিচালক জানান যে, উক্ত এলাকার অধিকাংশ ঠিকাদার মামলায় এলাকায় অবস্থান করছে না এবং দরপত্র আহ্বান করলে ঠিকাদার পাওয়া কঠিন হতে পারে এবং ঠিকাদার না পাওয়া গেলে পুনঃদরপত্র আহ্বান করে জানু-মার্চ এর মধ্যে কাজ শেষ করা যাবে না এবং সে ক্ষেত্রে বিকল্প হিসেবে পিআইসি দিয়ে প্রকল্পের বাঁধ মেরামত করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাস্তব অবস্থার প্রেক্ষিতে পিআইসি-র মাধ্যমে বাঁধ মেরামত কাজ করার বিষয়ে সবাই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত:

ক) 'হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৫-১৬ অর্থবছরে সম্পাদিত ক্যারিড ওভার কাজের বিল চূড়ান্তকরণের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে পানি উন্নয়ন বোর্ড হতে ২ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে।

খ) সুনামগঞ্জ জেলায় ডুবন্ত বাঁধ পুনরাকৃতিকরণ কাজের বিগত বছরের ১৬০টি প্যাকেজের ঠিকাদারের কাজ বাতিলপূর্বক এ বছর পিআইসি দ্বারা বাস্তবায়নে উদ্যোগ এখনই গ্রহণ করতে হবে।

(জ) প্রকল্পের নাম: বাংলাদেশ নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত)

আলোচনা:

'বাংলাদেশ নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি বাপাউবো-র বিদ্যমান ড্রেজারসমূহের ক্যাপাসিটি বৃদ্ধি করা। যাতে ক্যাপিটাল ড্রেজিং এবং রক্ষণাবেক্ষণ ড্রেজিং এর সার্বিক প্রয়োজনে গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির ব্যয় ১২৫৩.৫৪ কোটি টাকা এবং মেয়াদ জুলাই, ২০১০ হতে জুন, ২০১৬ পর্যন্ত। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ৩ বছর (জুন, ২০১৯ পর্যন্ত) বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। জুন, ২০১৭ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিভূত ব্যয় ৫৭৬.০২ কোটি টাকা। প্রকল্পটি দীর্ঘ ৭ বছর ধরে চলছে। অথচ বাস্তবায়নের হার মাত্র ৪৫.৯৫%। প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত ধীরগতির কারণে বর্তমানে প্রকল্পটি একটি sick প্রকল্পে পরিণত হয়েছে।

প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত:

ক. 'বাংলাদেশ নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি ক্রয় (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উদ্যোগ নিতে হবে।

(স্বাক্ষরিত)

(২৬-০৯-২০১৭)

(আনিসুল ইসলাম মাহমুদ, এম.পি)

মন্ত্রী